# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৬৬৩৩৩ E-mail :chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd


স্মারক নংঃ ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/১৬ তারিখঃ ২৪/০৪/২০২৫খ্রিঃ

বিষয়ঃ ২০২৫ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষক/পরীক্ষক হওয়ার তথ্যাবলী (e-TIF) অনলাইনে এন্ট্রি/সংশোধন/মুছেফেলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সরকারি/এমপিওভুক্ত/বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষকগণকে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে আগামী ২৫/০৪/২০২৫ থেকে ১৯/০৬/২০২৫ তারিখের মধ্যে ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে Institute Panal এবং (e-TIF) এ প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য দিয়ে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ পূর্বক নাম অর্ন্তভুক্ত/সংশোধন/সংযোজন/ মুছে ফেলা যাবে।

## e-TIF পূরণ সংক্রান্ত নির্দেশনা

১. **প্রতিষ্ঠান প্রধানসহ কর্মরত সকল শিক্ষকদের পরীক্ষা সংক্রান্ত গোপনীয় কাজ সম্পাদনের লক্ষে e-TIF পূরণ নিশ্চিত করতে প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হলো।**

২. সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে প্রধান পরীক্ষক হওয়ার জন্য কতিপয় শিক্ষক সৃজনসীল/অন্যান্য বিষয়ের মাস্টার ট্রেইনার না হওয়া সত্ত্বেও e-TIF এর ডাটায় মাস্টার ট্রেইনার এর কলাম এন্ট্রি করেছেন, যা গর্হিত অপরাধ। সুতরাং যাদের মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ আছে তাদের প্রশিক্ষণ সংক্রান্ত সনদের স্ক্যান কপি e-TIF এ আপলোড করতে হবে।

৩. সম্মানিত শিক্ষকবৃন্দের অনেকেই তাদের পরীক্ষার ফলাফল তথ্যে এসএসসি, এইচএসসি, স্নাতক (পাস), স্নাতক (সম্মান), মাস্টার্স, বি.এড, এমএড, পিএইচডি ইত্যাদি পরীক্ষায় প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ e-TIF এর নির্দিষ্ঠ কলামে এন্ট্রি না করে ফাঁকা রাখেন, অথচ প্রধান পরীক্ষক, পরীক্ষক হওয়ার ক্ষেত্রে ফলাফল এর সুনির্দিষ্ট পয়েন্ট রয়েছে। সুতরাং উক্ত কলাম সমূহে স্ব স্ব প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ এন্ট্রি করতে হবে এবং সার্টিফিকেট সমূহের স্ক্যান কপি আপলোড করতে হবে।

৪. First Joining এর ক্ষেত্রে বর্তমান প্রতিষ্ঠানে যোগদানের তারিখ দিয়ে থাকেন। এ কারণে তার শিক্ষকতার প্রকৃত অভিজ্ঞতা নির্ণয় করা যায় না। উদাহরণঃ একজন শিক্ষক একটি শিক্ষা প্রতিষ্ঠানে ১০ বছর কর্মরত ছিলেন, পরবর্তীতে বর্তমান প্রতিষ্ঠানে ৫ বছর বিবেচনায় আসবে। সতরাং First Joining প্রথম শিক্ষা প্রতিষ্ঠানে যোগদানের তারিখ/এমপিওভুক্তির তারিখ উল্লেখ্য প্রতি বছর চাকুরির জন্য নির্ধারিত পয়েন্ট রয়েছে।

৫. শিক্ষকদের ডাটা পূরণের সময় অবশ্যই নিজ নামে সোনালী ব্যাংকের ১৩ ডিজিটের সচল হিসাব নম্বর প্রদান করতে হবে এবং প্রদত্ত মোবাইল নম্বরটি সচল রাখতে হবে।

৬. এমপিওভুক্ত প্রতিষ্ঠানের নন-এমপিও, খন্ডকালীন, অনিয়মিত, অতিথি শিক্ষক, অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর, অক্ষম ও গুরুতর অসুস্থ শিক্ষগণের তথ্য (OTP) পূরণ করা থেকে বিরত থাকুন/ বিরত রাখুন। এ ধরণের সংযোজন করলে এর দায় দায়িত্ব তথ্য অনুমোদনকারী হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

৭. যে শিক্ষক যে বিষয়ের জন্য নিয়োগপ্রাপ্ত এবং ঐ বিষয়ে পাঠদান করেন শুধু সেই বিষয়েই Select করতে হবে।

৮. যে সকল শিক্ষক মৃত্যুবরণ করেছেন/ প্রতিষ্ঠান পরিবর্তন করেছেন/বদলি হয়েছেন তাদের তথ্য প্রতিষ্ঠান প্রধান Institute Panal লগইন করে All Teacher তালিকা থেকে মুছে ফেলবেন।

৯. প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকগণের তথ্য অনলাইনে প্রেরন শেষে হার্ড কপিতে সংশ্লিষ্ট শিক্ষকের স্বাক্ষর নিয়ে প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন। প্রয়োজনে বোর্ড সেগুলো তলব করবে। e-TIF পূরণে কোন তথ্য গোপন বা অসত্য তথ্য সংযোজন করলে এর দায় দায়িত্ব তথ্য অনুমোদনকারী হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

১০. যে সকল শিক্ষকগণ পূর্বে e-TIF পূরণ করেছেন তাদরকেও এ বছর প্রয়োজনীয় তথ্য সংশোধন এবং সার্টিফিকেট এর স্ক্যান কপি আপলোড করতে হবে।

১১. যে সকল শিক্ষক PRL- রত অবস্থায় বা চাকরি ৬০ বছর চলমান ( বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে) তাদের ডাটা নিজ দায়িত্বে মুছে ফেলতে হবে।

প্রাপকঃ
অধ্যক্ষ
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ।

24.04.25

(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ
ফোন : ০৯১-৫৩৩৩৫
Email : conbisemym@gmail.com

24.04.25

CS CamScanner